

যুগ্মাত্মক

হাবিপ্রিবিতে ছাত্রলীগের দু'গ্রন্থপে সংঘর্ষ আহত ১৫

প্রকাশ : ৩০ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত

 দিনাজপুর প্রতিনিধি

দিনাজপুরের হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্বিদ্যালয়ে (হাবিপ্রিবি) ছাত্রলীগের দু'গ্রন্থপের মধ্যে সংঘর্ষে ১৫ জন আহত হয়েছে। তাদের মধ্যে গুরুতর আহত ১০ জনকে দিনাজপুর এম আবদুর রহিম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। সোমবার রাতে বিশ্বিদ্যালয় ক্যাম্পাসে এ সংঘর্ষ হয়। এ নিয়ে ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে।

বিশ্বিদ্যালয় সূত্রে জানা যায়, হাবিপ্রিবি'র শেখ রাসেল হল ও জিয়া হল ছাত্রলীগের মধ্যে আধিপত্য বিভাগ নিয়ে রোববার বাকবিতণ্ডা হয়। এরই জের ধরে সোমবার রাত সাড়ে ৮টায় দুই হলের ছাত্রলীগ নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষ হয়। লাঠিসোটা ও দেশীয় অন্ত নিয়ে রাত সাড়ে ৯টা পর্যন্ত চলে এ সংঘর্ষ। এতে ১৫ জন আহত হয়।

এ ব্যাপারে হাবিপ্রিবি'র ভারপ্রাপ্ত রেজিস্ট্রার প্রফেসর ডা. ফজলুল হক জানান, ঘটনা তদন্তে বিশ্বিদ্যালয়ের কৃষি অনুষদের ডিন প্রফেসর ভবতোষ চন্দ্র রায়কে প্রধান করে ৫ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। তদন্তসাপেক্ষে ব্যবস্থা নেয়া হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।